প্রধান উপদেষ্টার বাসভবনের সামনে সরকারি কর্মচারীদের সঙ্গে পুলিশের সংঘর্ষ



ছবি: সংগৃহীত

রাজধানীতে ৯ম পে-স্কেলের গেজেট প্রকাশ ও বাস্তবায়নের দাবিতে সরকারি চাকরিজীবীদের সঙ্গে পুলিশের সংঘর্ষ ঘটেছে। প্রধান উপদেষ্টার বাসভবন যমুনা অভিমুখী সড়কে সকাল সাড়ে ১১টার পর থেকে উত্তপ্ত পরিস্থিতি দেখা দেয়। সংঘর্ষ নিয়ন্ত্রণে ৬ প্লাটুন বিজিবি মোতায়েন করা হয়েছে।

সকালে কেন্দ্রীয় শহীদ মিনার থেকে সরকারি কর্মচারীরা মিছিল নিয়ে প্রধান উপদেষ্টার বাসভবনের দিকে রওনা হন। হোটেল ইন্টারকন্টিনেন্টাল এলাকায় পৌঁছালে পুলিশ ব্যারিকেড বসায়। কর্মচারীরা ব্যারিকেড ভেঙে অগ্রসর হওয়ায় ধাক্কাধাক্কি শুরু হয়, যা সংঘর্ষে রূপ নেয়। পুলিশের টিয়ার গ্যাস, জলকামান ও সাউন্ড গ্রেনেডে মিছিল ছত্রভঙ্গ হয়।

সংঘর্ষ চলাকালীন আন্দোলনকারীরা ৯ম পে-স্কেলের দ্রুত বাস্তবায়নের দাবি জানিয়ে স্লোগান দেন। পরিস্থিতি নিয়ন্ত্রণে ডিএমপি কমিশনার শেখ মো. সাজ্জাত আলী ঘটনাস্থলে উপস্থিত হন এবং অতিরিক্ত পুলিশ মোতায়েনের নির্দেশ দেন।

ঘটনার কারণে যমুনা ও আশপাশের এলাকায় যান চলাচল বন্ধ হয়ে যায়, সাধারণ মানুষ ভোগান্তিতে পড়ে। তবে এখন পর্যন্ত গুরুতর আহতের খবর নেই, কেবল কয়েকজন অসুস্থ হয়েছেন।